

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ২য়

সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আবুল বাসার সিদ্দিক আকন, পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
তারিখ : ২২.১২.২০২১ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
স্থান : বিএমডির সভা কক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত দ্বিতীয় সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব জনাব আজিজুল হক সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন। তিনি বলেন যে, বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করা হলে একটি ডিজিটাল সেবা বাস্তবায়নের অংশ হিসাবে “Personnel Management Information System (PMIS) সফটওয়্যার” এবং উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তরে মহিলাদের জন্য একটি কক্ষে ‘উইমেনস কর্নার’ স্থাপনের আইডিয়া দাখিল করা হয়। কমিটির সদস্য সচিব জনাব আজিজুল হক সভায় জানান ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনায় ৩০.১২.২০২১ খ্রি. তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা ডিজিটাইজ করার লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি এ সময় “Personnel Management Information System (PMIS) সফটওয়্যার” প্রণয়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সদস্য সচিব জানান সফটওয়্যার প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যেই এটি বাস্তবায়ন করা সম্ভব হবে।


০২। একটি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসাবে এ দপ্তরে ‘উইমেনস কর্নার’ স্থাপনের বিষয়ে উপস্থিত কমিটির সকলে একমত পোষণ করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৩.১	আগামী ২৭.০২.২০২২ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভা আয়োজন করতে হবে;	সদস্য সচিব
৩.২	আগামী ৩০.১২.২০২১ তারিখের মধ্যে “Personnel Management Information System (PIMS) সফটওয়্যার” প্রণয়নের কাজ সম্পন্ন করে অফিস আদেশ জারি করতে হবে।	সদস্য সচিব

৩.৩	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে দ্বিতীয় কর্মশালা এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত দ্বিতীয় প্রশিক্ষণ আগামী জানুয়ারি/২০২২ মাসের ১ম সপ্তাহের মধ্যে আয়োজন করতে হবে।	সদস্য সচিব
-----	--	------------

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২২.১২.২০২১

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
সভাপতি, ইনোভেশন কমিটি
ও
পরিচালক (যুগ্মসচিব)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-২). ^{২০৪} ~~১৬৫~~


তারিখ : ০৭ পৌষ ১৪২৮
২২ ডিসেম্বর ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দু.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);

২। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা;

৩। সংশ্লিষ্ট নথি।


২২/১২/২০২১
মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)